একবার আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এলাম। তখন তাঁকে দেখলাম তিনি তাজা মিসওয়াক দ্বারা মিসওয়াক করছেন। তিনি বলেন: মিসওয়াকের কিনারা তার মুখে রেখে তিনি উ‘ উ‘ শব্দ করছেন। মিসওয়াকটি তার মুখে রেখে যেন তিনি বমি করছেন।

আবূ মূসা আল-আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত। তিনি বলেন, “একবার আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এলাম। তখন তাঁকে দেখলাম তিনি তাজা মিসওয়াক দ্বারা মিসওয়াক করছেন। তিনি বলেন: মিসওয়াকের কিনারা তার মুখে রেখে তিনি উ‘ উ‘ শব্দ করছেন। মিসওয়াকটি তার মুখে রেখে যেন তিনি বমি করছেন”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ মূসা আল-আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু উল্লেখ করেন। একবার তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এলেন তখন তিনি তাজা মিসওয়াক দ্বারা মিসওয়াক করছেন। কারণ তাজা মিসওয়াক দ্বারা পরিষ্কার পরিপূর্ণভাবে হয়। ফলে মুখে দুগর্ন্ধ থাকে না যা কষ্টদায়ক। আর মিসওয়াকের কিনারা তার মুখের উপর রেখেছেন এবং খুব ভালোভাবে তিনি মিসওয়াক করছেন, যেন তিনি বমি করছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3456